

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৭৫৮

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মৃত ব্যক্তির জন্য কাঁদা

### আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ عَنِ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: يَقُولُ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى: ابْنَ آدَمَ إِنْ صَبَرْتَ وَاحْتَسَبْتَ عِنْدَ الصَّدْمَةِ الْأُولَى لَمْ أَرْضَ لَكَ ثَوَابًا دُونَ الْجَنَّةِ . رَوَاهُ ابْن مَاجَه

#### বাংলা

১৭৫৮-[৩৭] আবূ উমামাহ্ (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন, আল্লাহ তা'আলা (মানুষকে উদ্দেশ করে) বলেন, হে আদম সন্তান! তুমি যদি বিপদের প্রথম সময়ে ধৈর্যধারণ করো এবং আল্লাহর কাছে সাওয়াবের আশা পোষণ করো, তাহলে আমি তোমার জন্য জান্নাত ছাড়া অন্য কোন সাওয়াবে সন্তুষ্ট হব না। (ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] হাসান : ইবনু মাজাহ্ ১৫৯৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসে বিপদে-আপদে ধৈর্যধারণ করার প্রতি উৎসাহিত করা হয়েছে। আল্লাহ তা'আলা হাদীসে কুদসীতে বলেন, বানী আদম তথা আদম সন্তান যদি বিপদের প্রাথমিক অবস্থায় ধৈর্যধারণ করে এবং ভাল আশা রাখে, তাহলে তার একমাত্র পুরস্কার হল জান্নাত। আশা করার অর্থ হল যে, এ বিষয়ে আল্লাহর পক্ষ হতে পুরস্কার ও সাওয়াব পাওয়ার আশা করা। আল্লামা সিনদী (রহঃ) বলেন, জান্নাতে প্রবেশ করার জন্য তার ঈমান থাকতে হবে। হাদীসটি ইবনু মাজাহতে বর্ণিত হয়েছে।

যাওয়ায়িদ কিতাবে বলা হয়েছে যে, হাদীসের সানাদটি সহীহ এবং এর বর্ণনাকারীগণও বিশ্বস্ত।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন